

জঙ্গিপুর কলেজ, মুর্শিদাবাদ

প্রথমবর্ষ বি.এ./বি.এসসি./বি.কম. অনার্স ও জেনারেল কোর্সে (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) ই-কাউন্সিলিংয়ের মাধ্যমে অনলাইন ভর্তির পর্যায়-ক্রমিক পদ্ধতি

১. প্রথমে কলেজের ওয়েবসাইট www.jangipurcollege.in খুলতে হবে।
২. ই-কাউন্সিলিংয়ের বোতামটি ক্লিক করতে হবে।
৩. বিষয় ও ক্যাটাগরি (Gen/SC/ST/OBC) সিলেক্ট করতে হবে।
৪. সাবমিট (Submit) বোতামটি ক্লিক করতে হবে।
৫. সংশ্লিষ্ট নামের তালিকাটি দেখা যাবে।
৬. প্রক্রিয়াটি চলাকালীন রেজিস্টার করা মোবাইল ফোনটি সঙ্গে রাখতে হবে।
৭. নিজের নামের পাশের <Book My Seat> বোতামটি ক্লিক করতে হবে। সঙ্গে সঙ্গে মোবাইলে একটি One Time Password (OTP) পাওয়া যাবে।
৮. নির্দিষ্ট ঘরে সঠিক OTP টাইপ করতে হবে।
৯. ভর্তি ফিজ জমা দেওয়ার জন্য নির্ধারিত Fees Payment Gateway ক্লিক করলে Online Payment Gateway Area খুলে যাবে। আবেদনকারী তার পছন্দ-মতো ডেবিট কার্ড/ভিসা কার্ড/নেট ব্যাঙ্কিং/SBI Gate Way-র মাধ্যমে টাকা জমা করতে পারবে। টাকা জমা হয়ে গেলে একটি রসিদ (Money receipt) তৈরি হবে; যেটির প্রিন্ট কপি প্রার্থীকে সঙ্গে রাখতে হবে।
১০. টাকা জমা পড়ার পরেও যদি রসিদ (Money receipt) তৈরি না-হয় তাহলে আবার টাকা জমা দিতে হবে। সেক্ষেত্রে আগের জমা করা টাকা ৩ থেকে ৪ দিনের মধ্যে প্রার্থীর অ্যাকাউন্টে ফেরৎ চলে যাবে। বলাবাহুল্য, টাকা জমা না পড়লে সিট বুকিং হবে না।
১১. একটি বিষয়ে ভর্তি হয়ে যাওয়ার পর প্রথম/দ্বিতীয়/তৃতীয়/চতুর্থ... কাউন্সিলিংয়ে অন্য বিষয়ে ভর্তি হতে চাইলে আগের ভর্তিটি বাতিল হয়ে যাবে। পরে ভর্তি হওয়া বিষয়ের ভর্তি ফি-বাবদ দেয় টাকার পরিমাণ বেশি হলে বাড়তি টাকা জমা করতে হবে। কিন্তু কম হলে টাকা ফেরৎ পাওয়া যাবে না।

উপরোক্ত প্রক্রিয়া চলাকালীন কলেজে আসার কোনো প্রয়োজন নেই।

১২. অনলাইন ভর্তি প্রক্রিয়া শেষ হলে নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী ও অভিভাবকের স্বাক্ষরসহ ভর্তি-ফর্ম, টাকা জমা দেওয়ার রসিদ ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টের ওরিজিনাল এবং জেরক্স কপি সঙ্গে নিয়ে কলেজ অফিসে এসে ভর্তি সুনিশ্চিত করতে হবে। অনিবার্য কারণে প্রার্থী উপস্থিত হতে না-পারলে তার লিখিত আবেদনসহ প্রেরিত প্রতিনিধির মাধ্যমে নথিপত্র প্রমাণের (Document Verification) কাজ করা যাবে।
১৩. কলেজে এসে নথিপত্র যাচাই করার সময় (অনলাইন প্রক্রিয়ার সময় দেওয়া তথ্যাবলিতে) কোনো ভুল থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
১৪. নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে কলেজে এসে নথিপত্র যাচাইয়ের কাজ (Document Verification) না-করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
১৫. ভর্তি বাবদ দেয় টাকা কোনো অবস্থাতেই ফেরৎযোগ্য নয়।